West Bengal Form No. 27

# FIRST INFORMATION REPORT

(Under Section ~~154 Cr. P.C.~~) 173 BNSS

1185

1. Dist. Jalpaiguri P.S. N J P Year 2025 FIR No. 777/25 Date 14/11/25
2. i) Act B.N.S Sections 108 ii) Act ........ Sections ........
   iii) Act ........ Sections ........ iv) Others Acts & Sections ........
3. (a) Occurrence of offence : Day ........ Date From 11/11/25 Date To 12/11/25
   Time Period at around Time From 18-00h Time To 13-00h
   (b) Information received at P.S. Date 14/11/25 Time at 12-55h
   (c) General Diary Reference : Entry No (s) 580 Time at 12-55h
4. Type of Information written Written / Oral
5. Place of Occurrance : (a) Direction and Distance from P.S. ........ Beat No. ........
   (b) Address Near Mahananda Barrage DAV School, PS- NJP, Dist Jalpaiguri
   (c) In case outside limit of this Police Station. then the
   Name of the P.S. N/A District ........
6. Complainant / Informant :
   (a) Name Smt Neha Banu (9679898961)
   (b) Father's / Husband's Name Lt Bappa Ali
   (c) Date / Year of Birth ........ (d) Nationality Indian
   (e) Passport No. ........ Date of Issue : ........ Place of Issue ........
   (f) Occupation ........
   (g) Address Jugrita Jharapara PS- NJP Dist Jalpaiguri
7. Details of known / suspected / unknown accused with full particulars
   (Attach separate sheet, if necessary) :
   1) Jabarun Begam w/o- Adul Sattar, 2) Abdul Sattar, 3) Md Malek 4) Beauty Khatun, 5) Jabbar 6) Ajizul Rahaman @ Angsang all are of Jugrita Jharapara, PS- NJP Dist- Jalpaiguri
8. Reasons for delay in reporting by the Complainant / Information
   —
9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :
   —
10. Total value of properties stolen / involved —
11. Inquest Report / U.D. Case No. If any ........
12. FIR Contents (Attach separate sheets, if required) : The original written compt which is treated as FIR is enclosed herewith
13. Action Taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2., Registered the case and took up the investigation / directed SI Md Sanaullah, NJP PS, SPC to take up investigation / refused investigation / transferred to P.S. ........ on point of jurisdiction. FIR read over to the Complaint / Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / informant free of cost.

on the original written compt

14. Signature / Thumb impression of the Complainant / Informant

Signature of the Officer-in-Charge, Police Station

Inspector-in-Charge, New Jalpaiguri Police Station, Siliguri Police Commissionerate

Name Ketaki Saha

Rank : No. SI of Police NJP PS, SPC

15. Date & Time of despatch to the court :

Scanned with OKEN Scanner

Received on 14/11/25 at 12.55 hrs vide GDE No 580 dt 14/11/25 and started NJP PS Case No 777/25 dt 14/11/25 U/s- 108 BNS and Endorsed to SI Md Sanaullah for its Investigation.

14/11/25

Inspector-In-Charge
New Jalpaiguri Police Station
Siliguri Police Commssionerate

মাননীয়,
ভারপ্রাপ্ত আধিকারিক,
নিউ জলপাইগুড়ি থানা,
শিলিগুড়ি পুলিশ কমিশনারেট,
জেলা - জলপাইগুড়ি।

বিষয়: আমার স্বামী মৃত বাপ্পা আলি-র আত্মহত্যা প্ররোচনায় জড়িত অভিযুক্তদের বিরুদ্ধে লিখিত অভিযোগপত্র।

মহাশয়,

আমি, নেহা বানু, বয়স প্রায় ২৩ বছর, স্বামী মৃত বাপ্পা আলি, বাসিন্দা জুগিভিটা ঝরাপাড়া, পি.এস. এন.জে.পি, জেলা জলপাইগুড়ি, বিনীতভাবে এই লিখিত অভিযোগটি দাখিল করিতেছি যে, নিম্নবর্ণিত অভিযুক্ত ব্যক্তিবর্গ একত্রে যোগসাজশ ও ষড়যন্ত্রের মাধ্যমে আমার স্বামীর উপর শারীরিক ও মানসিক নির্যাতন চালিয়ে তাঁকে আত্মহত্যায় প্ররোচিত করেছে, যার ফলে আমার স্বামীর মৃত্যু ঘটেছে।

১. আমার স্বামী বাপ্পা আলি, বয়স আনুমানিক ২৪ বছর, পিতা মানসুর আলি, পেশায় ডাম্পার ট্রাক চালক ছিলেন। তিনি ভারত থেকে বাংলাদেশে পাথর বহনের কাজ করতেন।

২. ১১/১১/২০২৫ তারিখে বিকাল আনুমানিক ৪টা নাগাদ, কোনো কারণ ছাড়াই আমাদের প্রতিবেশী জবারুন বেগম (স্বামী আব্দুল সাত্তার), তার স্বামী আব্দুল সাত্তার, ভাই মোঃ মালেক, মা বিউটি খাতুন, বাবা জাব্বার, এবং আংশাং ওরফে আজিজুল রহমান (জেঠু), সকলে মিলে আমার স্বামীর বিরুদ্ধে ষড়যন্ত্র করে এবং ভারত-বাংলাদেশ সীমান্ত ফুলবাড়ি (পি.এস. এন.জে.পি, জেলা জলপাইগুড়ি) এলাকায় গিয়ে আমার স্বামীকে লক্ষ্য করে হামলা চালায়, যখন তিনি বাংলাদেশ থেকে ফিরে আসছিলেন।

৩. উক্ত সময় অভিযুক্তরা আমার স্বামীকে জোরপূর্বক আটক করে, বেধড়ক মারধর করে ও তাঁর পোশাক ছিঁড়ে ফেলে, বিনা কারণে তাঁকে অপমান ও নির্যাতন করে।

৪. তখন ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (BSF) তাঁকে উদ্ধার করে এবং স্থানীয় পঞ্চায়েত সদস্য খালেক-এর নিকট হস্তান্তর করে।

৫. কিন্তু উক্ত অভিযুক্তরা পরে আবার পঞ্চায়েত সদস্য খালেক-এর বাড়িতে গিয়ে আমার স্বামীকে পুনরায় আক্রমণ ও মারধর করে, এবং তাঁকে মেরে ফেলার হুমকি দেয়।

৬. এরপর তারা সেই দিনই সন্ধ্যার সময় আমাদের বাড়ি (জুগিভিটা ঝরাপাড়া, পি.এস. এন.জে.পি) তে আসে এবং আমাকে ও আমার পরিবারের সদস্যদের মৃত্যুর ভয় দেখিয়ে হুমকি দেয়, বলে যে "তোমার স্বামীকে আমরা দুই দিনের মধ্যে মেরে ফেলব"। এই ভয় ও মানসিক আতঙ্কে আমার স্বামী সেদিন রাতে বাড়ি ফিরে আসেননি।

৭. পরের দিন ১২/১১/২০২৫ তারিখে দুপুর আনুমানিক ১টা নাগাদ, আমরা খবর পাই যে আমার স্বামী মহানন্দা ব্যারেজ, ডি.এ.ভি স্কুলের কাছে, জুগিভিটা ঝরাপাড়া, পি.এস. এন.জে.পি, জেলা জলপাইগুড়ি এলাকায় অচেতন অবস্থায় পড়ে আছেন।

Neha Banu

Scanned with OKEN Scanner

৮. আমরা ঘটনাস্থলে পৌঁছে দেখি যে আমার স্বামীর মুখ থেকে ফেনা এবং ফেনার মতো তরল বের হচ্ছিল, আর তার শরীরের কাছ থেকে খুব তীব্র ও বাজে গন্ধ আসছিল। তিনি পুরোপুরি নিস্তেজ অবস্থায় মাটিতে পড়ে ছিলেন। তখনই আমরা তাঁকে দ্রুত নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে গিয়ে ভর্তি করি। কিন্তু দুঃখের বিষয়, ১৩/১১/২০২৫ তারিখ সন্ধ্যা ৭টার সময় হাসপাতালে চিকিৎসকের কাছ থেকে জানতে পারি যে আমার স্বামী কোনো এক ধরনের বিষাক্ত পদার্থ খেয়েছিলেন, এবং সেই বিষের কারণে তাঁর মৃত্যু হয়েছে।

উপরোক্ত বিবরণ থেকে স্পষ্ট যে, উক্ত অভিযুক্তরা ষড়যন্ত্রমূলকভাবে এবং অভিন্ন উদ্দেশ্যে আমার স্বামীর উপর শারীরিক ও মানসিক অত্যাচার চালায়, তাঁকে হুমকি দেয়, অপমান করে এবং এমন পরিস্থিতি সৃষ্টি করে যা তার আত্মহত্যার কারণ হয়েছে।

অতএব, আমি বিনীত অনুরোধ করিতেছি যে উক্ত অভিযুক্তদের ১. জবারুন বেগম, স্বামী আব্দুল সাত্তার ২. মোঃ আব্দুল সাত্তার ৩. মোঃ মালেক (ভাই) ৪. বিউটি খাতুন (মাতা) ৫. জাব্বার (পিতা) ৬. আংশাং ওরফে আজিজুল রহমান (জেঠু) জুগিভিটা ঝরাপাড়া, পি.এস. এন.জে.পি, জেলা জলপাইগুড়ি, এদের বিরুদ্ধে নির্দিষ্ট অপরাধমূলক মামলা (FIR) নথিভুক্ত করা হোক, বিষয়টি সম্পর্কে বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ তদন্ত পরিচালনা করা হোক; এবং আমার স্বামীর মৃত্যুর জন্য দায়ী সকল ব্যক্তির বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করা হোক যাতে ন্যায়বিচার প্রতিষ্ঠিত হয়।

এটি উল্লেখযোগ্য যে, আমার স্বামীর মৃত্যুর সংবাদ জানার পর উক্ত অভিযুক্ত ব্যক্তিবর্গ নিজেদের বসতবাড়ি, অর্থাৎ জুগিভিটা ঝরাপাড়া, পি.এস. এন.জে.পি, জেলা জলপাইগুড়ি স্থান হইতে পলাতক হয়ে গিয়েছে এবং বর্তমানে তারা সম্ভবত প্রাধান পাড়া, পি.এস. এন.জে.পি, জেলা জলপাইগুড়ি এলাকায় অবস্থান করছে বা আত্মগোপনে রয়েছে।

বিনীত,

Neha Banu

(নেহা বানু)
স্বামী - মৃত বাপ্পা আলি
বাসিন্দা জুগিভিটা ঝরাপাড়া,
থানা- এন.জে.পি, জেলা- জলপাইগুড়ি
মোবাইল: [9679898461]
তারিখ: 14.11.2025

Scanned with OKEN Scanner